

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ২৭৬৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১২০১]

১৬। হজ্জ (حما باكذ)

পরিচ্ছেদঃ ১০. কোন অসুবিধার কারণে ইহরাম অবস্থায় মাথা কামানো জায়িয, মাথা কামালে ফিদইয়াহ দেয়া ওয়াজিব এবং ফিদইয়ার পরিমাণ

باب جَوَازِ حَلْقِ الرَّأْسِ لِلْمُحْرِم إِذَا كَانَ بِهِ أَذًى وَوُجُوبِ الْفِدْيَةِ لِحَلْقِهِ وَبَيَانِ قَدْرِهَا

আরবী

وَحَدَّتَنِي عُبَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ الْقَوَارِيرِيُّ، حَدَّثَنَا حَمَّادُ، $_{-}$ يَعْنِي ابْنَ زَيْدٍ $_{-}$ عَنْ أَيُّوبَ، $_{-}$ وَحَدَّثَنِي أَبُو الرَّبِيعِ، حَدَّثَنَا حَمَّادُ، حَدَّثَنَا أَيُّوبُ، قَالَ سَمِعْتُ مُجَاهِدًا، يُحَدِّثُ عَنْ عَبْدِ الرَّحْمَنِ، بْنِ أَبِي لَيْلَى عَنْ كَعْبِ بْنِ عُجْرَةَ، $_{-}$ رضى الله عنه $_{-}$ قَالَ أَتَى عَلَىَّ رَسُولُ اللهِ عليه وسلم زَمَنَ الْحُدَيْبِيَةِ وَأَنَا أُوقِدُ تَحْتَ $_{-}$ قَالَ الْقُوَارِيرِيُّ قِدْرٍ لِي . اللهِ عليه وسلم زَمَنَ الْحُدَيْبِيةِ وَأَنَا أُوقِدُ تَحْتَ $_{-}$ قَالَ الْقُوَارِيرِيُّ قِدْرٍ لِي . وَقَالَ أَبُو الرَّبِيعِ بُرْمَةٍ لِي $_{-}$ وَالْقَمْلُ يَتَنَاثَرُ عَلَى وَجْهِي فَقَالَ $_{-}$ أَيُونِيكَ هَوَامُّ رَأْسِكَ $_{-}$. قَالَ الْقُورِيكِ عَلَى أَو انْسُكُ نَسِيكَةً $_{-}$ قَالَ الْعُرْبِي بَاكُمْ لَكُ نَسِيكَةً $_{-}$ قَالَ أَيُوبُ فَلَا أَدْرِي بِأَيِّ ذَلِكَ بَدَأً .

বাংলা

২৭৬৭-(৮০/১২০১) উবায়দুল্লাহ ইবনু উমার আল কাওয়ারীরী ও আবৃ রবী' (রহঃ) কাব ইবনু উজরাহ (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, হুদায়বিয়ার সময় রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার কাছে এলেন এবং আমি তখন চুলায় আমার হাড়ি বা পাতিলের নীচে আগুন জ্বালাচ্ছিলাম-আর উকুন আমার চেহারার উপর গড়িয়ে পড়ছিল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমার মাথার পোকাগুলো কি তোমাকে কষ্ট দিচ্ছে? আমি বললাম, হ্যাঁ। তিনি বললেন, তাহলে মাথা মুড়িয়ে ফেল এবং তিনদিন সওম পালন কর অথবা ছয়জন মিসকীনকে আহার করাও অথবা একটি কুরবানী কর। আইয়ুব (রহঃ) বলেন, আমার মনে নেই তিনি (মুজাহিদ) কোন শব্দটি আগে বলেছেন। (ইসলামিক ফাউন্ডেশন ২৭৪৪, ইসলামীক সেন্টার ২৭৪২)

English

Ka'b b. 'Ujra (Allah be pleased with him) reported:

The Messenger of Allah (ﷺ) came to me on the occasion of Hudaibiya and I



was kindling fire under my cooking pot and lice were creeping on my face. Thereupon he (the Holy Prophet) said: Do the vermins harm your head? I said: Yes. He said: Get your head shaved and (in lieu of it) observe fasts for three days or feed six needy persons, or offer sacrifice (of an animal). Ayyub said: I do not know with what (type of expiation) did he commence (the statement).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ কা'ব ইবনু 'উজরাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন